যুগান্তর

তারিখ ... 8 AUG 2017 ...
পৃষ্ঠা ... কলাম ...

# বিশ্ব র‌্যাংকিংয়ে দেশ সেরা বাকৃবি

**বাকৃবি প্রতিনিধি**

বিশ্ব র‌্যাংকিংয়ে বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে শীর্ষে রয়েছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি)। সোমবার সাংবাদিকদের সঙ্গে এক মতবিনিময় সভার আয়োজন করেন বাকৃবি ভিসি অধ্যাপক ড. মো. আলী আকবর। এ সময় ভিসি বাকৃবিকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার আশা ব্যক্ত করেন।

বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয়সহ শীর্ষ ৯ বিশ্ববিদ্যালয়কে ছাড়িয়ে এ কৃতিত্ব অর্জন করেছে ময়মনসিংহে অবস্থিত কৃষি শিক্ষার প্রাচীন এ প্রতিষ্ঠানটি। তবে আন্তর্জাতিক র‌্যাংকিংয়ে এ বিশ্ববিদ্যালয়ের অবস্থান দুই হাজার ৬১তম। বাংলাদেশের কোনো বিশ্ববিদ্যালয়ই র‌্যাংকিংয়ের দুই হাজারের ভেতরে নেই। সম্প্রতি স্পেনের রাজধানী মাদ্রিদভিত্তিক শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান ওয়েবওমেট্রিক্সে প্রকাশিত এক তালিকায় এ তথ্য উঠে আসে। মূলত রিচার্স পাবলিকেশন, ইমপ্যাক্ট এবং এক্সিলেন্সকে প্রাধান্য দিয়ে তালিকাটা করা হয়েছে। দেশের দ্বিতীয় সেরা অবস্থানে রয়েছে বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (২১৩৪), তৃতীয় অবস্থানে ঢাকা বিশ্ববিদ্যালয় (২২৭৫), চতুর্থ অবস্থানে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (২৭৫৭), পঞ্চম অবস্থানে রাজশাহী বিশ্ববিদ্যালয় (২৮৭০), ষষ্ঠ অবস্থানে রয়েছে বেসরকারি ব্র্যাক বিশ্ববিদ্যালয় (৩০১০), সপ্তম জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (৩০৫৪), অষ্টম বেসরকারি ইন্ডিপেনডেন্ট ইউনির্ভাসিটি অব বাংলাদেশ (৩৩৪৩), নবম নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় (৩৪৯৯) এবং দশম শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (৩৫২৮)।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................
চীফ, [illegible]
চীফ, [illegible]
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর